



ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ)  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিবিএ প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আইবিএ-জেইউ এর বিবিএ প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট [juniv-admission.org](http://juniv-admission.org) এ প্রকাশিত ভর্তির বিস্তারিত নিয়মাবলি এবং পেমেন্ট সংক্রান্ত ধাপসমূহ অনুসরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

**আবেদনের সময়সীমাঃ** ০৯-০৫-২০২৩ তারিখ সকাল ১০.০০ থেকে ৩১-০৫-২০২৩ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত।

**আবেদন ফি :** বিকাশ অথবা রকেট-এর মাধ্যমে আবেদনের জন্য ৬০০/- (ছয়শত) টাকা আবেদন ফি প্রদান করতে হবে।

**ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখঃ** ১৬-৬-২০২৩ থেকে ২৪-৬-২০২৩ তারিখের মধ্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চূড়ান্ত তারিখ ও সময়সূচি পরবর্তীসময়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এছাড়াও পরীক্ষার পূর্বে বিস্তারিত তথ্য ও সিটপ্ল্যান [juniv-admission.org](http://juniv-admission.org) ওয়েবসাইটে পাওয়া যাবে।

**১. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ**

ক. ২০১৯ সাল ও তার পরবর্তী বছরসমূহের মাধ্যমিক/সমমানের পরীক্ষা এবং ২০২১ ও ২০২২ সালের উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ. মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।

গ. জি.সি.ই. ২০১৭ সাল থেকে তৎপরবর্তী সাল পর্যন্ত O লেভেল পরীক্ষায় অন্তত ৫ (পাঁচ)টি বিষয়ে এবং ২০২১ অথবা ২০২২ সালের A লেভেল পরীক্ষায় অন্তত ২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীর O লেভেল এবং A লেভেলের মোট ৭ (সাত)টি বিষয়ের মধ্যে ৪ (চার)টি বিষয়ে কমপক্ষে B গ্রেড ও ৩ (তিন)টি বিষয়ে কমপক্ষে C গ্রেড থাকতে হবে। O লেভেল এবং A লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য এবং ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান কপি আপলোড করে আবেদন করতে হবে।

ঘ. উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-৪য়ের ন্যূনতম যোগফল	উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়সমূহে প্রাপ্ত ন্যূনতম গ্রেড
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৯.০০। তবে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.৫০ পেতে হবে।	ইংরেজি এবং উচ্চতর গণিত/পরিসংখ্যানে পৃথকভাবে ন্যূনতম A-(মাইনাস) গ্রেড
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/সমমান শাখা: মোট জিপিএ ৮.৫০। তবে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ পেতে হবে।	ইংরেজি এবং হিসাববিজ্ঞান/ অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা বিষয়ে পৃথকভাবে ন্যূনতম A-(মাইনাস) গ্রেড

২. সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি (৩০০x৩০০ পিক্সেল; সর্বোচ্চ ১০০ কিলোবাইট) ও স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল; সর্বোচ্চ ৬০ কিলোবাইট) স্ক্যান করে [juniv-admission.org](http://juniv-admission.org) অথবা [juniv-admission.org](http://juniv-admission.org) ফরম্যাটে আপলোড করতে হবে।

৩. বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তীসময়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

৪. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**৫. সহায়তায়:**

ক. আবেদন ও পেমেন্ট, ছবি ও স্বাক্ষর আপলোড এবং প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত  
(সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত)

: 01324179774, 01324179775,  
01324179776, 01324179777

খ. সাধারণ জিজ্ঞাসা ও অন্যান্য (২৪ ঘণ্টা খোলা থাকবে)

: 01324179774, 01324179775

গ. ই-মেইল

: [juniv.admsn.help@juniv.edu](mailto:juniv.admsn.help@juniv.edu)



স্বাক্ষরিত/-(মো. আবু হাসান)  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)  
এবং

সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি